



## খামেনির রাষ্ট্রীয় জানাজায় যোগ দিতে তেহরান সফরে যাচ্ছেন স্পিকার



স্পিকার হাফিজ উদ্দিন। ছবি: সংগৃহীত

ইরানের প্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির রাষ্ট্রীয় জানাজায় অংশ নিতে জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ তেহরান সফর করবেন। ইরানের পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাহের আমন্ত্রণে তিনি এ সফরে যাচ্ছেন।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের একটি সূত্র জানিয়েছে, খামেনির রাষ্ট্রীয় শেষকৃত্যে অংশ নেওয়ার জন্য বাংলাদেশ সরকারের কাছে আনুষ্ঠানিক আমন্ত্রণ পাঠানো হয়। সেই আমন্ত্রণের পরিপ্রেক্ষিতে স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সফর চূড়ান্ত করা হয়েছে।

বিএনপি মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান বিষয়টি নিশ্চিত করে বলেন, আগামী ৪ থেকে ৯ জুলাই তেহরান, কোম ও মশহাদে খামেনির রাষ্ট্রীয় শেষকৃত্য ও জানাজার বিভিন্ন কর্মসূচি অনুষ্ঠিত হবে। এসব আয়োজনে বাংলাদেশ সরকার ও প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রতিনিধিত্ব করবেন জাতীয় সংসদের স্পিকার।

প্রসঙ্গত, গত ফেব্রুয়ারিতে যুক্তরাষ্ট্র ও ইসরাইলের যৌথ হামলায় আয়াতুল্লাহ আলী খামেনি নিহত হয়েছিলেন।